



তথ্যবিবরণী

নম্বর-১৬৭

জনবান্ধব পুলিশ ব্যবস্থা প্রবর্তনে প্রশিক্ষণ সমাপ্তকারী এসআইদের প্রতি আইজিপিরা আহ্বান

রাজশাহী; ০১ মাঘ (১৫ জানুয়ারি):

নতুন ক্যাডেটদের উদ্দেশে আইজিপি বাহারুল আলম বলেছেন, আপনাদের সততা, স্বচ্ছতা, একাত্মতা ও সৃজনশীল প্রতিভার প্রতি আস্থা রাখতে চায় জনগণ। বাংলাদেশ পুলিশের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদ হলো সাব-ইন্সপেক্টর। দেশের শতকরা ৯০ ভাগ ফৌজদারী অপরাধের তদন্ত সাব-ইন্সপেক্টররা করে থাকেন। বাংলাদেশ পুলিশ একাডেমি থেকে রপ্তকৃত জ্ঞান মাঠ পর্যায়ের প্রয়োগের মাধ্যমে ন্যায় বিচার প্রতিষ্ঠায় আপনারা অগ্রণী ভূমিকা পালন করবেন। মানবাধিকার রক্ষা করে জনবান্ধব পুলিশ ব্যবস্থা প্রবর্তনে আপনারা অবদান রাখবেন।

আজ বুধবার (১৫ জানুয়ারি) সকালে রাজশাহী সারদাস্থ বাংলাদেশ পুলিশ একাডেমিতে ৪০তম ক্যাডেট এসআই ব্যাচের মনোজ্ঞ প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় আইজিপি বাহারুল আলম এমন আহ্বান জানান।

আইজিপি বাহারুল আলম বলেন, অপরাধ দমন, জনগণের জীবন ও সম্পত্তির নিরাপত্তা প্রদান এবং সমাজের শান্তিশৃঙ্খলা বজায় রাখা পুলিশ বাহিনীর প্রধান দায়িত্ব। কালের প্রবাহের সাথে সাথে পাল্টে যাচ্ছে অপরাধের ধরণ ও মাত্রা। ফলে পুলিশের কর্মপরিধি বৃদ্ধি পাচ্ছে। নতুন চ্যালেঞ্জ মোকাবিলার জন্য পুলিশের আধুনিকায়নের বিষয়টিও প্রাধান্য পাচ্ছে।

মহান মুক্তিযুদ্ধে পুলিশের গৌরবদীপ্ত অবদানের কথা উল্লেখ করে প্রধান অতিথি বলেন, ১৯৭১ সালের ২৫ মার্চ কালরাতে রাজারবাগ পুলিশ লাইনসে প্রথম সশস্ত্র প্রতিরোধ গড়ে তোলে বাংলাদেশ পুলিশের অকুতোভয় সদস্যরা। তাদের আত্মত্যাগ ও রক্তের বিনিময়ে অর্জিত হয়েছে বাংলাদেশের স্বাধীনতা। সেই শহিদদের আত্মদান জাতিকে প্রেরণা যুগিয়েছে একটি বৈষম্যহীন গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থা প্রবর্তনের জন্য ফ্যাসিবাদী সরকারের অন্যায় অবিচারের বিরুদ্ধে রুখে দাঁড়াতে।

সদ্য প্রশিক্ষণপ্রাপ্ত সাব-ইন্সপেক্টরদের দায়িত্ব সম্পর্কে অবগত করে আইজিপি আরও বলেন, সেবা প্রত্যাশী, অপরাধ ও নির্যাতনের শিকার মানুষের প্রতি আপনারা দায়িত্বশীল হবেন। বিশেষ করে প্রতিবন্ধী নারী, শিশু ও নাগরিকদের প্রতি সহযোগিতার হাত বাড়িয়ে দিবেন।

পুলিশ সংস্কার বিষয়ে বাহারুল আলম বলেন, অন্তর্বর্তীকালীন সরকার পুলিশ বাহিনী সংস্কারের উদ্যোগ গ্রহণ করেছে। এ লক্ষ্যে পুলিশ সংস্কার কমিশন কাজ করছে। পুলিশকে রাজনৈতিক প্রভাবমুক্ত করে একটি দল নিরপেক্ষ সংস্থায় রূপান্তরে সরকারের এই মহতী উদ্যোগের সাথে আমরা সবাই একমত। বিগত ফ্যাসিবাদী সরকারের আমলে ভেঙে পড়া রাষ্ট্র কাঠামোকে পুনর্নির্মাণ করে একটি বৈষম্যহীন ও গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠিত হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

প্রশিক্ষণ সমাপনী অনুষ্ঠানে সারদা পুলিশ একাডেমির অধ্যক্ষ মো. মাসুদুর রহমান ভূঞা, পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, সামরিক-বেসামরিক কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধাগণ, সুশীল সমাজের ব্যক্তিবর্গ, এসআই ক্যাডেটদের অভিভাবকবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে আইজিপি বাহারুল আলম প্যারেড গ্রাউন্ড পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করেন। এরপর আট কন্টিনেন্টে ভাগ হয়ে সমাপনী কুচকাওয়াজে অংশ নেন ২২ জন নারী অফিসারসহ ৪৮০ জন শিক্ষানবিশ এসআই। কুচকাওয়াজ শেষে শপথ গ্রহণ ও বিভিন্ন বিষয়ে শ্রেষ্ঠত্ব অর্জনকারী প্রশিক্ষণার্থীদের মধ্যে পদক বিতরণ অনুষ্ঠিত হয়। এবার সেরা একাডেমিক হন ক্যাডেট বদিউজ্জামান, সেরা শূটার ও সুইমার ক্যাডেট নয়ন কুমার ঢালী, ইনফিল্ডে সেরা হয়েছেন ক্যাডেট নজরুল ইসলাম। সব বিষয়ে শ্রেষ্ঠত্ব অর্জন করেন ক্যাডেট আরিফুল ইসলাম। সবার হাতে শ্রেষ্ঠত্বের পুরস্কার তুলে দেন আইজিপি।

.....
তৌহিদ/আতিক/আলীম/রুহুল/কনক/হালিম/২০২৫/১৬:০০ ঘ.